

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বহুপ্রতিবার, জুলাই ১৪, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রায়োগ ও গণপ্রত্ব মন্ত্রণালয়

প্রজাপন

তারিখ, ১৪ই জুলাই ১৯৯৬ ইং/গ্রা শ্বাবণ ১৪০৩ বাং

এস. আর. ও. নং ১১২-আইন/১৬—Building Construction Act, 1952 (E. B. Act II of 1953) এর section 18 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল,
যথা:—

১। সংক্ষিপ্ত শিরনাম।—এই বিধিমালা ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত
হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আবণাক উন্মত্ত স্থান” অর্থ বিধি ১০ এর উপ-বিধি (১১) এ বৰ্ণিত ইমারতের
চতুর্ভাস্মৰ প্রয়োজনীয় খালি জায়গা;

(খ) “আবেদনপত্র” অর্থ বিধি ৩ এর অধীন ইমারত নির্মাণ, পুরুর খনন অথবা পাহাড়
কর্তন বা ধ্রুব সাধন অনুমোদনের আবেদনপত্র;

(গ) “তফসিল”: অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) “ধারা” অর্থ Building Construction Act, 1952 (E.B. Act II of 1953)
এর কোন section;

(ঙ) “নকশা” অর্থ বিধি ৫ এর অধীন প্রদত্ত ইমারত নির্মাণ, পুরুর খনন অথবা পাহাড়
কর্তন বা ধ্রুব সাধনের নকশা;

(১৭৫৭)

মুদ্রা : টাকা ৪.০০

(চ) "নির্ধারিত ফরম" অর্থ তফসিল-১ এ প্রদত্ত ফরম;

(ছ) "সাইট" অর্থ ইমারত বা ইমারতের অঞ্চল নির্মাণ, পুরু খনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্মস সাধন এর জন্য নির্দিষ্ট সীমাবেষ্য বিশিষ্ট কোন স্থান।

৩। ইমারত নির্মাণ, পুরু খনন ও পাহাড় কর্তন ইত্যাদি অন্মোদনের আবেদন।—

(১) ধারা ৩ ও ৩ সি এর অধীন ইমারত নির্মাণ, পুরু খনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্মস সাধন অন্মোদনের জন্য অথরাইজড অফিসারের নিকট নিম্নলিখিত কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে, যথা:—

(ক) বিধি ৫ এর চাহিদান্বারী নকশা;

(খ) বিধি ৪ এর চাহিদান্বারী জমাক্ত ফি এর বাকে ছান্কট, পে অর্ডার বা ট্রেজারী চালানের অন্তর্লিপি;

(গ) পাহাড় কর্তন বা ধৰ্মস সাধনের ক্ষেত্রে, বিধি ২৭ এর উপ-বিধি (১) এ বৰ্ণিত কাগজপত্র; এবং

(ঘ) এই বিধিমালার চাহিদান্বারী অন্য যে কোন কাগজপত্র।

(২) ধারা ৩ এর উপ-ধারা (১) এর শর্তাংশ অথবা উপ-ধারা (১ক) এর অধীন কোন অন্মোদনের কার্যকরতা জোপ পাইলে প্রনঃ অন্মোদনের জন্য অথরাইজড অফিসারের নিকট নিম্নলিখিত কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে, যথা:—

(ক) সর্বশেষ মূল অন্মোদনপত্র অথবা উহার সত্ত্বায়িত অন্তর্লিপি এবং সর্বশেষ অন্মোদিত নকশা অথবা উহার সত্ত্বায়িত অন্তর্লিপি;

(খ) বিধি ৪ এর চাহিদান্বারী জমাক্ত ফি এর বাকে ছান্কট, পে-অর্ডার বা ট্রেজারী চালানের অন্তর্লিপি; এবং

(গ) এই বিধিমালার চাহিদান্বারী অন্য যে কোন কাগজপত্র।

(৩) আবেদনপত্র অথরাইজড অফিসারের কার্যালয়ে বাসিগতভাবে জমা প্রদান অথবা ভাইস ব্রাবরে রেজিষ্ট্রী ডাকযোগে প্রেরণ করা বাইবে।

৪। ইমারত নির্মাণ, পুরু খনন ও পাহাড় কর্তন ইত্যাদির অন্মোদন কি।—(১) ইমারত নির্মাণ অন্মোদনের জন্য তফসিল-২ এ বৰ্ণিত হারে ব্যাবস্থ কি প্রদান করিতে হইবে:

জবে শর্ত থাকে যে, মসজিদ, মালদর, বিহার, গির্জা প্রভৃতি ধর্মীয় উপাসনালয়ের ইমারত, বাহার কোন অংশ ধর্মীয় উপাসনা বাতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইবে না, নির্মাণ অন্মোদনের জন্য কোন কি প্রদান করিতে হইবে না:

আরও শর্ত থাকে যে, অনাবাসিক ইমারতের জন্য ন্যানতম ১,০০০ টাকা সাপেক্ষে তফসিল-২ এ বৰ্ণিত হারে, আধাপাকা ইমারতের জন্য ন্যানতম ১০০ টাকা সাপেক্ষে তফসিল-২ এ বৰ্ণিত হারের অর্ধেক হারে, এবং ক'চা ইমারতের জন্য ন্যানতম ৬০ টাকা সাপেক্ষে তফসিল-২ এ বৰ্ণিত হারের এক-চতুর্থাংশ হারে কি প্রদান করিতে হইবে।

(২) পুরু খনন অন্মোদনের জন্য ন্যানতম ১,০০০ টাকা সাপেক্ষে প্রত্যুক্তির অর্থত্ব অন্মোদনের বিষা প্রতি ১০০০ টাকা হারে কি প্রদান করিতে হইবে।

(৩) পাহাড় কর্তন বা ধৰ্স সাধন অনুমোদনের জন্য ন্যূনতম ১০,০০০ টাকা সাপেক্ষে কর্তন বা ধৰ্স সাধন এলাকার আয়তন অনুসারে বিধা প্রতি ১০,০০০ টাকা হারে ফি প্রদান করিতে হইবে।

(৪) ইমারত নির্মাণ, প্রকৃত খনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্স সাধন অনুমোদনের কাৰ্যকৰতা লোপ পাইবার ক্ষেত্ৰে উহা প্রতি অনুমোদনের জন্য এই বিধিৰ অধীন প্ৰথমবাবেৰ অনুমোদনের জন্য দেয় ফি এৰ এক-তৃতীয়াংশ ফি প্রদান কৰিতে হইবে।

(৫) অনুমোদনপত্ৰ ও অনুমোদিত নকশাৰ অতিৰিক্ত বা সার্টিফাইড কপি সৱৰণাহেৰ ক্ষেত্ৰে প্ৰতি কপিৰ জন্য ৫০ টাকা হারে ফি প্রদান কৰিতে হইবে।

(৬) এই বিধিৰ অধীন প্ৰদেৱ ঘাৰতীয় ফি সংশ্লিষ্ট অনুমোদন দানকাৰী পৌৰ বা উন্নয়ন কাৰ্তৃপক্ষ বৰাবৰে ব্যাংক ড্রাফট, পে অৰ্ডাৰ বা মেজাৰী চালনেৰ মাধ্যমে জমা প্ৰদান কৰিতে হইবে এবং আবেদনপত্ৰেৰ সহিত উহাৰ অনুলিপি সংযুক্ত কৰিতে হইবে।

৫। ইমারত নির্মাণ, প্রকৃত খনন ও পাহাড় কর্তন ইত্যাদিৰ নকশা।—(১) আবেদনপত্ৰেৰ সহিত প্ৰস্তাৱিত ইমারত নির্মাণ, প্রকৃত খনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্স সাধনেৰ বিশেষ বিবৰণ স্বৰ্ণলিত সাত ফৰ্দ নকশা জমা প্ৰদান কৰিতে হইবে।

(২) নকশা মেট্রিক পদ্ধতিতে প্ৰগ্ৰাম এবং উহাৰ পৰিমাপ মিটাৰ ইউনিটে প্ৰদৰ্শন কৰিতে হইবে এবং বিধি ৬ এ উল্লেখিত কাৰিগৱারী যোগ্যতাসম্পন্ন বাস্তু কৰ্তৃক প্ৰণীত ও স্বাক্ষৰিত কৰিতে হইবে।

(৩) নকশাৰ একটি অংশ লে-আউট শ্লান বা বিন্যাস নকশারূপে চিহ্নিত হইবে এবং উহা ১:২০০ স্কেলে অৰ্থকত ও নিম্নৰ্বাণ্যত তথ্যাদি স্বৰ্ণলিত হইবে, যথা:—

(ক) সাইটেৰ এবং একই মালিকানাধীন সাইট সংলগ্ন জীৱনৰ সীমানা,

(খ) প্ৰস্তৱিত উল্লেখসহ নিকটস্থ রাস্তা বা রাস্তাসমূহ হইতে সাইটেৰ অবস্থান,

(গ) প্ৰস্তাৱিত ইমারত নির্মাণ, প্রকৃত খনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্স সাধনেৰ সাইট বে মহাজন বা রাস্তাৰ পাৰ্শ্বে অবস্থিত উহাৰ নাম,

(ঘ) সাইটেৰ মধ্যে প্ৰস্তাৱিত ইমারত, প্রকৃত বা বিদ্যমান পাহাড় এৰ অবস্থান,

(ঙ) নিকটস্থ রাস্তা হইতে প্ৰস্তাৱিত ইমারত নির্মাণ, প্রকৃত খনন অথবা বিদ্যমান পাহাড় কর্তন বা ধৰ্স সাধন স্থলে বাতায়াতেৰ পথ,

(চ) সাইটে প্ৰাৰ্থ নিৰ্মাণ কাঁচ বা পাকা ইমারত থাকিলে তলা ও উচ্চতাসহ উহাৰ অবস্থান অথবা প্রকৃত থাকিলে উহাৰ অবস্থান, এবং

(ছ) সাইটেৰ ঘৰাবধি উন্নৱদিক নিৰ্দেশক চিহ্ন।

(৪) নকশাৰ অপৰ একটি অংশ সাইট শ্লান বা এলাকা নকশারূপে চিহ্নিত হইবে এবং উহাতে নিম্নলিখিত তথ্যাদি থাকিবে, যথা:—

(ক) সাইট বে ঝোঁজাৰ অবস্থিত সাইটেৰ অবস্থানসহ উহাৰ সি, এস, নকশাৰ এবং প্ৰৱোজনীয় ক্ষেত্ৰে আৱ, এস, বা এস, এ, নকশাৰ অংশ বিশেষ অথবা, উন্নয়নকৃত প্ৰকল্পেৰ ক্ষেত্ৰে, সাইটেৰ অবস্থানসহ প্ৰকল্প এলাকাৰ নকশাৰ অংশ বিশেষ, এবং

(খ) সাইটেৰ দাগ বা প্লট এবং প্ৰাৰ্থ বৰ্তৰী দাগ বা প্লটসমূহেৰ অবস্থান নিৰ্দেশক।

(৫) ইমারত নির্মাণের নকশার ক্ষেত্রে, নকশার ইমারত সংজ্ঞান্ত অংশটি অনধিক ২৫০ বগুড়াটির আয়তনের জমির উপর ইমারত নির্মাণের ক্ষেত্রে ১:৫০ মেলে এবং তদুৎসুক আয়তনের জমির উপর ইমারত নির্মাণের ক্ষেত্রে ১:১০০ মেলে অর্থক্ত হইবে এবং উহাতে নিম্নলিখিত বিবরণসমূহ উল্লেখিত বা প্রদর্শিত হইবে, যথা :—

- (ক) বিস্তারিত মাপ ও আকারসহ ইমারতের প্রতি তলার পরিলেখ (জ্বোর প্ল্যান) এবং সিডি ঘর, র্যাম্প, বহিগমন পথ, লিফ্ট কোর ইত্যাদির বিশদ পরিমাপ;
- (খ) ইমারতের বিভিন্ন অংশ বা কক্ষের ব্যবহার;
- (গ) ইমারত সংলগ্ন প্রধান রাস্তার দিকে ইমারতের এলিভেশন ও একটি সেকশন এবং সিডিঘর, র্যাম্প (যদি থাকে) ব্যাবর একটি সেকশন;
- (ঘ) আবশ্যিক উচ্চতা স্থানে সানসেড ও ছাদের বার্ধিতাংশ থাকিলে উহার পরিমাপ;
- (ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, গাড়ী পার্কিং স্থান; এবং
- (চ) দরজা, জানালা ইত্যাদির অবস্থান।

(৬) বহুকার ইমারতের ক্ষেত্রে 'কৌ-প্ল্যান' করিয়া একাধিক সিটে উপ-বিধি (৫) এ বৈধত নকশার বিবরণসমূহ উপস্থাপন করা যাইবে।

(৭) সাত বা ততোধিক তলার্বিশিষ্ট ইমারতের ক্ষেত্রে স্থাপাত্যক নকশা ছাড়াও কাঠামো নকশা জমা প্রদান করিতে হইবে।

(৮) পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্মস সাধনের ক্ষেত্রে নকশার তৎসংশ্লিষ্ট অংশটি ১:১০০ মেলে অর্থক্ত হইবে এবং উহাতে নিম্নলিখিত বিবরণসমূহ উল্লেখিত বা প্রদর্শিত হইবে, যথা :—

- (ক) পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্মস সাধন বে এলাকাব্যাপী করা হইবে উহার সীমানা;
- (খ) সাইট সংলগ্ন জমি যদি একই মালিকানাধীন হয় তবে উহা হইতে পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্মস সাধন স্থলের অবস্থান;
- (গ) নিকটবর্তী রাস্তা, ইমারত, পুরুর, বিদ্যুৎ লাইন, গ্যাস লাইন, টেলিফোন লাইন হইতে পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্মস সাধন স্থলের দূরত্ব;
- (ঘ) পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্মস সাধন স্থলের একটি সেকশন।

(৯) নকশার প্রতোক ফর্ডে (এমোনিয়া বা অন্যান্য প্রিন্টের উপর) আবেদনকারীর অনুমতি স্বাক্ষর থাকিতে হইলে: আম-মোক্তারনামাবলৈ স্বাক্ষর করিলে তাহা উল্লেখ করিতে হইবে এবং আম-মোক্তারনামার সার্টিফাইড কপি নকশার সহিত সংযোজন করিতে হইবে।

(১০) ইমারত নির্মাণ, পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধৰ্মস সাধনের উল্লেখ্য এবং তত্ত্বাব্দী আবশ্যিক মোট জমির পরিমাণ ও তৎসংজ্ঞে সাইটের জমির পরিমাণ স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৬। নকশা প্রয়োগকারীর যোগ্যতা।—(১) এই বিধির অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, নিচের
১ নং কলামে বর্ণিত নকশা উহার বিপরীতে ২ নং কলামে বর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি কর্তৃক
প্রযোজ্য হইবে, যথা :—

নকশার শ্রেণী	নকশা প্রয়োগের জন্য যোগ্যতাসম্পন্ন ব্যক্তি
১	২
চারতলা পর্যন্ত আবাসিক ইমারতের নকশা	স্নাতক স্হপাতি, স্নাতক প্রব কোশলী, ডিপ্লোমা স্হপাতি, ডিপ্লোমা প্রব কোশলী অথবা সার্টিফিকেটপ্রাপ্ত নকশাকার।
পাঁচ বা ততোধিক তলাবিশিষ্ট আবাসিক এবং যে কোন তলাবিশিষ্ট অন্যান্য ইমারতের নকশা	স্নাতক স্হপাতি
সরকার কর্তৃক নির্ধারিত ডি. আই. পি., স্নাতক স্হপাতি সড়কসমূহের পার্শ্বে নির্মিতব্য ইমারতের নকশা	স্নাতক স্হপাতি
প্রকুর খনন ও পাহাড় কর্তন বা ধৰন সাধনের নকশা	স্নাতক প্রব কোশলী অথবা স্নাতক স্হপাতি
ব্যাখ্যা।—এই উপ-বিধিতে “স্নাতক” “ডিপ্লোমা” ও “সার্টিফিকেট” বলিতে যথাক্রমে সরকার, অন্যমোদিত কোন বিশ্ববিদ্যালয় বা অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিপ্লোমা বা সার্টিফিকেট বুঝাইবে।	
(২) প্রতোক্টি নকশার উহার প্রয়েতার নাম, ঠিকানা ও স্বাক্ষর থাকিবে এবং কেল কনসালটিং ফার্ম বা কারিগরী উপদেষ্টা প্রতিষ্ঠান কর্তৃক প্রযোজ্য নকশার ক্ষেত্রে উক্ত ফার্ম বা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাসহ নকশাটির প্রকৃত প্রয়োগকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষর থাকিবে।	
(৩) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরী এলাকার নকশা প্রয়োগের জন্য উপ-বিধি (১) এ উল্লেখিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের একটি তালিকা উক্ত এলাকার নকশা অন্যমোদনকারী কর্তৃপক্ষ প্রদর্শন ও সংরক্ষণ করিবে।	
(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রযোজ্য তালিকার অন্তর্ভুক্তির জন্য এই বিধি মোতাবেক যোগ্যতাসম্পন্ন বে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট নকশা অন্যমোদনকারী কর্তৃপক্ষের নিকট জৰুরী নির্ধারিত পদ্ধতিতে আবেদন করিবেন।	
(৫) উপ-বিধি (৩) এর অধীন প্রযোজ্য তালিকার বহির্ভূত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রযোজ্য কোন নকশা উক্ত উপ-বিধিতে উল্লেখিত কোন এলাকার ক্ষেত্রে অন্যমোদনের জন্য বিবেচিত হইবে না।	
৭। আবেদনপত্রের নিপত্তি।—(১) উপ-বিধি (২) সাপেক্ষে, আবেদনপত্রের সহিত দাখিলকৃত নকশা অন্যমোদন বা প্রত্যাখান নিম্নরূপ সময়সীমার মধ্যে করিতে হইবে, যথা :—	
(ক) আধাপাকা অথবা কাঁচা ইমারত নির্মাণের ক্ষেত্রে, আবেদনপত্র দাখিলের ৩০ দিনের মধ্যে; এবং	

(খ) পাকা ইমারত নির্মাণ, পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধূস সাধনের ক্ষেত্রে, আবেদনপত্র দাখিলের ৪৫ দিনের মধ্যে।

(২) উপ-বিধি (১) এ বাহাই থাকুক না কেন, কোন আবেদনপত্রে উল্লেখিত কোন তথ্য বা তৎসঙ্গে দাখিলকৃত কোন দলিল বা কাগজপত্র যদি অথরাইজড অফিসার বা ইমারত নির্মাণ কর্মটির নিকট অসম্পূর্ণ বা ভুল প্রতীক্ষামান হয় তবে অথরাইজড অফিসার বা উক্ত কর্মটি আবেদনপত্র দাখিলের ৩০ দিনের মধ্যে পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য বা দলিল বা কাগজপত্র সরবরাহের জন্য আবেদনকারীকে নির্দেশ প্রদান করিতে পারিবে, এবং অন্তর্বে তথ্য বা দলিল বা কাগজপত্র সরবরাহের পর উপ-বিধি (১) এ বার্ণিত সময়সীমার মধ্যে নকশা অন্তর্মোদন বা প্রত্যাখান করিতে হইবে।

(৩) অথরাইজড অফিসার বা, ক্ষেত্রমত, ইমারত নির্মাণ কর্মটি কর্তৃক কোন নকশা অন্তর্মোদিত হইলে—

(ক) অবিলম্বে আবেদনকারীকে একটি অন্তর্মোদনপত্র প্রদান করা হইবে এবং উহাতে প্রস্তাবিত ইমারত নির্মাণ, পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধূস সাধন ব্যে উল্লেখ্যে করা হইবে উহার উল্লেখ ধার্কিবে; এবং

(খ) দাখিলকৃত নকশার প্রতোক্তি ফর্দে অথরাইজড অফিসার বা ইমারত নির্মাণ কর্মটির আদেশক্রমে উক্ত কর্মটির সদস্য-সচিব স্বাক্ষর করিবে করিবে এবং অন্তর্মোদনপত্রে সহিত নকশার অন্তর্বে স্বাক্ষরিত চারটি ফর্দ আবেদনকারীকে ফেরত প্রদান করা হইবে।

(৪) অন্তর্মোদিত নকশার একটি ফর্দ সর্বদা সাইটে রাখিতে হইবে যাহা অথরাইজড অফিসার অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির অন্তর্বেক্ষণে নির্মাণকারী দেখাইতে বাধ্য ধার্কিবে।

(৫) অন্তর্মোদনপত্র পর ইমারত নির্মাণ, পুরুর ঘনন অথবা পাহাড় কর্তন বা ধূস সাধন কাজ আরম্ভ করিবার কমপক্ষে সার্তাদিন পূর্বে লিখিতভাবে অথরাইজড অফিসারকে অবহিত করিতে হইবে এবং উক্ত নির্মাণ, ঘনন, কর্তন বা ধূস সাধন চলাকালীন অবস্থায় সময় সময় অথরাইজড অফিসার অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি পরিদর্শন করিবে এবং অন্তর্মোদন প্রক্রিয়াকৃত নির্মাণ, ঘনন, কর্তন বা ধূস সাধন বন্ধ করিবার আইনানুসংগ ব্যবস্থা প্রণয় করিবে।

৮। সাইট সংলগ্ন রাস্তা ও উহা হইতে ইমারতের দূরত্ব।—(১) ইমারতের সাইট সংলগ্ন অথবা সাইটের সহিত সংযোগকারী অন্তর্বেন ৩·৬৫ মিটার প্রশস্ত রাস্তা থার্কিতে হইবে; তবে ব্যক্তি মালিকানাধীন রাস্তার ক্ষেত্রে অন্তর্বেন ৩·০০ মিটার প্রশস্ত রাস্তা হইতে হইবে।

(২) কোন সাইটে লম্বভাবে রাস্তা শেষ হইলে উহার প্রস্থ সাইট সংলগ্ন রাস্তার প্রস্থ বর্ণিয়া গণ্য হইবে।

(৩) মালিকানা অন্তর্ভুক্ত রাস্তা সর্বসাধারণের রাস্তা হিসাবে গণ্য হইবে।

(৪) দৈন রাস্তার সংযোগ স্থলের কোণে অবস্থিত সাইটের ক্ষেত্রে সংযোগস্থলবর্তী কোণের দুইদিকে রাস্তা সংলগ্ন ১·০০ মিটার \times ১·০০ মিটার জায়গা রাস্তার সরলীকরণের জন্য উন্মুক্ত রাখিতে হইবে।

(৫) কোন ইমারত উহার নিকটবর্তী রাস্তার কেন্দ্র হইতে নতুনপক্ষে ৪·৫ মিটার অথবা ইল্লতা সংলগ্ন সাইটের সীমানা হইতে ১·৫ মিটার, বাহা অধিকতর, দূরে নির্মাণ করিতে হইবে; তবে বাস্তি মালিকানাধীন রাস্তা স্থান সংযোগপ্রাপ্ত সাইটে রাস্তা সংলগ্ন সাইটের সীমানা হইতে সর্বনিম্ন ১·৫ মিটার দূরে ইমারত নির্মাণ করা যাইবে।

(৬) সাইটের রাস্তা অভিযোগী দিককে ইমারতের সম্মুখ দিক এবং উহার বিপরীত দিককে পশ্চাত দিক হিসাবে গণ্য করা হইবে।

(৭) একাধিক রাস্তা সংলগ্ন সাইটের ক্ষেত্রে যে কোন একটি রাস্তাকে সম্মুখ দিক ধরিয়া বিপরীত দিককে পশ্চাত এবং অন্য দুই দিককে পার্শ্ব বিবেচনা করিতে হইবে এবং তদন্তসারে ইমারতের চারিদিকের আবাসিক উন্মুক্ত স্থান রাখিতে হইবে।

(৮) রাস্তার সমান্তরাল সাইটের গভীরতা ১·১৫ মিটারের কম হইলে পশ্চাত দিককে পার্শ্ব ধরিয়া অন্য দুই পার্শ্বের বে কোন এক দিকে পশ্চাতের জন্য প্রযোজ্য আবাসিক উন্মুক্ত স্থান রাখা যাইবে।

১১। বৈদ্যুতিক জাইন হইতে ইমারতের দূরত্ব।—কোন ইমারত প্রোলা বৈদ্যুতিক জাইন হইতে, ক্ষেত্র অন্যবাসী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড অথবা চাকু বিদ্যুৎ সরবরাহ কর্তৃপক্ষের নিয়ম মোতাবেক নিরাপদ দূরত্বে নির্মাণ করিতে হইবে।

১০। বিভিন্ন ইমারত নির্মাণে ডায়ি ব্যবহারের নীতিমালা।—(১) সকল প্রকার ইমারত নির্মাণ সরকার কর্তৃক অন্যমৌদ্রিত সংশ্লিষ্ট শহর, নগর বা মহানগরীর মহাপরিকল্পনায় নির্দেশিত ভূমি ব্যবহারের সীইত সংগীতপূর্ণ হইতে হইবে।

(২) আবাসিক ও অনান্য আন্যবাসিগক ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে আবাসিক ভোগ্য অনধিক ১০ শয়াবিশিষ্ট ক্রিনিক, ব্যাংক, ফার্মেসুট স্টেশনেরা, মৈনিন্দন ব্যবহার্য সামগ্ৰীৰ মোকাব (ঝোসারী), হেয়ারেডোসার সেল্লুন, চীকিংসকেৰ চেম্বার, ঔষধালয়, সংবাদপত্ৰ-সামৰিকী প্টাশ্য, ফুলেৰ দোকান, লাইব্ৰেৰী, ভিডিও ক্লাব, নাৰ্সাৰী স্কল লঞ্জৰী ও টেলিবারিং সেপেৰ জন্য ইমারত নির্মাণ করা যাইবে; তাৰ অন্তৰ্পে ইমারত কেবল দুইটি রাস্তার সংবৰ্গণ স্থলে অবৈচ্ছিন্ত সাইটে নির্মাণ কৰা যাইবে, বাহার মধ্যে একটি রাস্তা কেমপক্ষে ৬·০০ মিটার প্রশস্ত হইতে তইবে, এবং উক্ত ইমারত নির্মাণের ক্ষেত্রে আবাসিক ইমারত নির্মাণ সংজ্ঞান্ত বিধানবলী প্রযোজ্য হইবে।

(৩) আবাসিক-কাম-বাণিজ্যিক ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে আবাসিক, বাণিজ্যিক, অথবা উচ্চাবিধ উন্মদশো ব্যবহার কৰা যাইবে এবং অন্তৰ্গত স্থানে আবাসিক উন্মুক্ত স্থান রাখণ ও ইমারত স্থান জৰি আচছাদনের ক্ষেত্রে আবাসিক ও অন্যান্য আন্যবাসিগক ভূমি- ব্যবহারের বিধানবলী প্রযোজ্য হইবে।

(৪) কোন সরকারী, স্বারাজশাস্তি বা স্থানীয় সরকার সংস্থা কর্তৃক পৰিকল্পিত আবাসিক-কাম-বাণিজ্যিক ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে বাণিজ্যিক এলাকাক জৰি আচছাদন সংজ্ঞান্ত বিধানবলী প্রযোজ্য হইবে এবং অন্তৰ্গত স্থানে আবাসিক ব্যবহারের ক্ষেত্রে বিধি ১৫ এৰ বিধানবলী অবশ্য পালনীয় হইবে।

(৫) নৈকট্য প্রশস্ত রাস্তার কাবল্যে আবাসিক-কাম-বাণিজ্যিক ব্যবহারে ব্রহ্মতীবিত জৰি ক্ষেত্র উক্ত প্রশস্ত রাস্তা হইতে সরাসীর প্রবেশ-পথ সম্পৰ্ক জৰি অন্যান্য আবাসিক কাজে ব্যবহৃত কৰ্তৃ ব্যবহারে।

(৬) গুদামঘর এলাকা হিসাবে নির্ধারিত গুদাকাৰ, গুদার ও বাণিজ্যিক বৈধ ব্যবহারের ক্ষেত্রে, ইমারতের বেজমেন্ট বাতীজ অপৰ একটি ক্লোৰ গুদাম হিসাবে নির্দিষ্ট রাখিতে হইবে।

(৭) অনাবাসিক ও আবাসিক জমি প্রস্তর সংলগ্ন হইলে, অনাবাসিক জমির ইমারত নির্মাণের ক্ষেত্রে, সংলগ্ন আবাসিক জমির সীমানা হইতে কমপক্ষে ২.৫০ মিটার জারগা থালি রাখিতে হইবে এবং আবাসিক জমির দিকে কোন খোলা বারান্দা রাখা যাইবে না।

(৮) সুই বা ততোধিক রাস্তার সংযোগস্থলের ৫০.০০ মিটার দ্রাঘির মধ্যে কোন বিপণী বিভান, প্রেক্ষাগৃহ, নাটোশালা, মিলনায়ন বা অন্তর্গত সমাবেশ স্থান জাতীয় ইমারত নির্মাণ করা যাইবে না; তবে সংযোগকারী রাস্তাসমূহের প্রশ্র ২৩.০০ মিটার বা ততোধিক হইলে অন্তর্গত দ্রাঘির মধ্যে সকল মেঝে মিলিলা সর্বমোট অনধিক ৫০০.০০ বর্গমিটার আয়তন বিশিষ্ট বিপণী বিভান নির্মাণ করা যাইবে।

(৯) ৩০০ বর্গমিটার কিংবা ততোধিক মেঝে বিশিষ্ট বিপণী কেন্দ্র নির্মাণের ক্ষেত্রে, রাস্তার সমান্তরাল ৬.০০ মিটার প্রশ্রস্ত জমি বাবহারকারীদের আগমন-নির্গমন এবং যানবাহনে আরোহণ-অবরোহণের জন্য নীচ তলায় উন্মুক্ত রাখিতে হইবে যাহা উক্ত ইমারতের প্রয়োজনীয় গাঢ়ী পার্কিং স্থানের অতিরিক্ত হইবে।

(১০) উপ-বিধি (৮) এর বিধান সাপেক্ষে, মিলনায়ন, নাটোশালা, প্রেক্ষাগৃহ এবং অন্তর্গত সমাবেশস্থল হিসাবে বাবহারের জন্য ইমারত, পরিকল্পিত আবাসিক এলাকায় কেবল উচ্চিত্বিক টান্ডারের জন্য নির্ধারিত স্থানে এবং বাণিজিক বা আবাসিক-কার-বাণিজিক বাবতাবের জন্য নির্ধারিত এলাকায় যে কোন স্থানে, অন্তর্গত ১৫.০০ মিটার প্রশ্রস্ত রাস্তার পার্শ্বে নির্মাণ করা যাইবে, এবং এটারপ ইমারতের ক্ষেত্র রাস্তার সমান্তরাল ৬.০০ মিটার প্রশ্রস্ত জমি বাবহারকারীদের আগমন-নির্গমন এবং যানবাহনে আরোহণ-অবরোহণের জন্য নীচ তলায় উন্মুক্ত রাখিতে হইবে যাহা উক্ত ইমারতের প্রয়োজনীয় গাঢ়ী পার্কিং স্থানের অতিরিক্ত হইবে।

(১১) বিধি ৮ এর উপ-বিধি (৫) এবং বিধি ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪ ও ২৫ এ বিশিষ্ট বিধানবলী অন্যান্য ইমারতের চতুর্পার্শে থালি জারগা রাখিতে হইবে এবং উক্ত জারগার কোন লুভার, কিন বা অন্তর্গত কোন কাঠামো নির্মাণ করা যাইবে না।

১১। সীমানা দেয়াল।— সাটাটের সাধারণ রক্ষণাবেক্ষণের জন্য সীমানা দেয়াল চিসাবে অনধর্ম ১.৭৫ মিটার উচ্চ বন্ধ দেয়াল অগুরা অনধর্ম ২.৭৫ মিটার উচ্চ গৌল, জালি বা বেলিং দেয়াল নির্মাণ করা যাইবে; বন্ধ দেয়ালের উপর গৌল বা জালির দেয়াল নির্মাণের ক্ষেত্রে বন্ধ দেয়াল অগুরা টান্ডা ভার্মি হটেল ১.৭৫ মিটারের অধিক তাঁবা না: স্থান, বিশেষ দেয়াল সীমান্যম করার জন্য অথবাইজড অফিসার বা ইমারত নির্মাণ কর্মীটি প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিতে পারিবে।

১২। ইমারতের উচ্চতা।— (১) এই বিধির অন্তর্বাসী বিধানবলী সাপেক্ষে, ইমারতের সর্বাধিক উচ্চতা সম্মতবলী বাস্তার প্রশ্র এবং ইমারত ও রাস্তার মধ্যবর্তী উন্মুক্ত স্থানের বোগফলের ছাইগুণের অধিক হইবে না:

তবে শর্ত থাকে যে, এইরপ বোগফলের সুইগুণ—

৭.৬০ মিটার হটেলে ১০.৫১ মিটার পর্যন্ত হইলে ইমারতের সর্বাধিক উচ্চতা ১.৫০ মিটার হইবে,

১০.৬০ মিটার হটেলে ১৩.৫১ মিটার পর্যন্ত হইলে ইমারতের সর্বাধিক উচ্চতা ১২.৫০ মিটার হইবে,

১৩.৬০ মিটার হটেলে ১৬.৫১ মিটার পর্যন্ত হইলে ইমারতের সর্বাধিক উচ্চতা ১৫.৫০ মিটার হইবে,

এই হারে, অর্থাৎ অনুরূপ যোগফলেন দুইগুণের পরিমাণ ০১ মিটার হইতে ৩০০ মিটার পর্যন্ত প্রতিটি বৃক্ষের ক্ষেত্রে, ইমারতের সর্বাধিক উচ্চতা ৩০০ মিটার করিয়া বৃক্ষ পাইবে:

আরও শর্ত থাকে যে, প্রথম শর্তাংশ অনুসারে ইমারতের উচ্চতা আরও কম না হইলে, সাইট সংলগ্ন রাস্তার প্রস্থ—

৪.৫৫ মিটার হইতে ৭.৫৯ মিটার হইলে ইমারতের সর্বাধিক উচ্চতা ১৪.৫০ মিটার হইবে,
৭.৬০ মিটার হইতে ১০.৬৬ মিটার হইলে ইমারতের সর্বাধিক উচ্চতা ২৭.৫০ মিটার হইবে,
১০.৬৭ মিটার হইতে ১৫.২৭ মিটার হইলে ইমারতের সর্বাধিক উচ্চতা ৪২.৫০ মিটার হইবে,
১৫.২৮ মিটার হইতে ২২.৯৯ মিটার হইলে ইমারতের সর্বাধিক উচ্চতা ৬০.৫০ মিটার হইবে:
আরও শর্ত থাকে যে, সাইট সংলগ্ন রাস্তার প্রস্থ ২০.০০ মিটার বা ততোধিক হইলে ইমারতের উচ্চতার কোন সীমা থাকিবে না।

ব্যাখ্যা।—সাইট সংলগ্ন রাস্তার অনুমন ১০০ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সর্বানিম্ন যে প্রস্থ থাকিবে তাহাই এই উপ-বিধির অধীন উচ্চ রাস্তার প্রস্থ বলিয়া গণ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ সাহা কিছুই থাকক না কেন, সরকার, সরকারী গোজেটে বিজ্ঞাপ্ত ক্ষেত্রে, কোন নির্দিষ্ট এলাকার জন্য ইমারতের উচ্চতা নিয়ন্ত্রণ করিতে পারিবে।

১৩। গাড়ী পার্কিং ব্যবস্থা।—(১) এই বিধির অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, ইমারতে গাড়ী অবসরণ-নির্গমন ও পার্কিং এর জন্য যথোপযুক্ত ব্যবস্থা বাস্থিতে তৈরি: পার্কিং স্থান উন্নত কিংবা আচ্ছাদিত হইতে পারিবে; পার্কিং স্থানে রাস্তা এর ব্যবস্থা থাকিলে তাহা নন্দনপক্ষে ১ : ৮ ঢাল বিশিষ্ট এবং বাস্তা হইতে অনুমন ৩.০০ মিটার দুরুত্বে নির্মিত হইবে।

(২) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত এলাকার ক্ষেত্রে, প্রত্যেক ইমারতে নন্দনপক্ষে একটি গাড়ী পার্কিং এর জন্য ২০ বগমিটার স্থান রাখা সাপেক্ষে, ইমারতের আয়তন বা ব্যবহারকারীর সংখ্যা অনুসারে নিম্নোক্ত হারে গাড়ী পার্কিং স্থান রাখিতে হইবে, যথা:—

ইমারতের শ্রেণী	ইমারতের আয়তন ব্যবহারকারীর সংখ্যা।	গাড়ী পার্কিং স্থানের ন্যূনত্ব আয়তন।
(ক) আবাসিক	প্রতি ৩০০ বগমিটারে	২০ বগমিটার
(খ) বাণিজ্যিক	প্রতি ২০০ বগমিটারে	২০ বগমিটার
(গ) বিপণী বিতান	প্রতি ১০০ বগমিটারে	২০ বগমিটার
(ঘ) হাসপাতাল/ক্লিনিক	প্রতি ৩০০ বগমিটারে	২০ বগমিটার
(ঙ) শিক্ষা প্রতিষ্ঠান	প্রতি ২০০ বগমিটারে	২০ বগমিটার
(চ) চোটেল	প্রতি ২০০ বগমিটারে	২০ বগমিটার
(ছ) রেস্টোরাঁ	প্রতি ১০০ বগমিটারে	২০ বগমিটার
(জ) প্রেক্ষাগৃহ/গ্লোবারিয়ন	প্রতি ২০ জন ব্যবহারকারীর জন্য	২০ বগমিটার,
(ঝ) গৃদাম ও কারখানা	১টি লরী/প্রাকের মাল বোরাই ও খালা সর জন্য প্রয়োজনীয় স্থান	
(ঝঝ) কারখানা প্রাঙ্গণে প্রশাসনিক, বিভিন্ন ইত্তাদি বাণিজ্যিক দ্রষ্টব্য থাকিলে,	প্রতি ২০০ বগমিটারে	২০ বগমিটার

(৩) উপ-বিধি (২) এ বিশিষ্ট এলাকা বাতীত, অন্যান্য এলাকার ক্ষেত্র, গাড়ী পার্কিং স্থানের চাহিদা উক্ত উপ-বিধিতে বিশিষ্ট হারের অধৈরে হইবে, তবে ন্যূনপক্ষে একটি গাড়ী পার্কিং এর প্রয়োজনীয় স্থান থাকিতে হইবে।

(৪) যে সকল পরিকল্পিত বাণিজ্যিক এলাকায় গাড়ী পার্কিং স্থান রহিয়াছে সেই সকল ক্ষেত্রে উক্ত পার্কিং স্থানের ৩০০ মিটারের মধ্যে অবস্থিত ইমরাতের ক্ষেত্রে এই বিধিতে বিশিষ্ট গাড়ী পার্কিং স্থান সংজ্ঞান্ত বিধানাবলী শিখিলয়েগা হইবে এবং ইমরাত নির্মাণ কর্মাটি বা অথরাইজড অফিসার সেই সকল ক্ষেত্রে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

১৪। বিভিন্ন তলার নাম ও ভ.-গর্ভস্থ তলা নির্মাণের শর্তাবলী।—(১) যে কোন ইমরাতের জলাসমৃদ্ধকে ভ.-গর্ভস্থ তলা (বেজমেন্ট ফ্লোর), অধৃত ভ.-গর্ভস্থ তলা (হাফ বেজমেন্ট ফ্লোর), নৌচ তলা বা প্রথম তলা (গ্রাউন্ড ফ্লোর), ন্বিতীয় তলা (ফাল্ট ফ্লোর), তৃতীয় তলা (সেকেন্ড ফ্লোর) ইত্যাদি হিসাবে অভিহিত করা হইবে।

(২) ভ.-গর্ভস্থ তলা নির্মাণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী পালন করিতে হইবে, যথা:—

- (ক) ভ.-গর্ভস্থ তলার আবাসিক উন্নয়ন স্থান নির্ধারণের ক্ষেত্রে ভ.মির উপরিভাগে প্রযোজ্য বিধানাবলী অনুসৃত হইবে;
- (খ) ভ.-গর্ভস্থ তলার আবাসিক কক্ষ, রামাঘর, স্নানঘর ও টরলেট নির্মাণ করা যাইবে না; বাইবে না;
- (গ) ভ.-গর্ভস্থ তলার—

- (অ) দেয়াল এবং মোরে পানি ও আন্দুতারোধক হইতে হইবে;
- (আ) সমগ্র স্থানটি স্বাভাবিক কিংবা বাস্তুকভাবে বাতাস চলাচলযুক্ত হইতে হইবে; এবং
- (ই) ভ.মি সমাজতাল নর্দমার পানি উক্ত তলায় প্রবেশ রোধের ব্যবস্থা থাকিতে হইবে;

- (ষ) ভ.-গর্ভস্থ তলা ও ইমরাতের ভিত্তি নির্মাণ আবশ্যক করার দ্রষ্টব্য মাসের মধ্যে সম্পূর্ণ করিতে হইবে; নির্মাণ চলাকালীন সময়ে পার্শ্ববর্তী এলাকার ইমরাত বা ইমরাত-সমূহের (যদি থাকে) যাহাতে কোন ক্ষতি না হয় সেই লক্ষ্যে সাবধানতা-স্বরূপ প্রতিরক্ষা বেষ্টনী দেয়াল নির্মাণ করিতে হইবে।

১৫। আলো-বাতাস চলাচলের ব্যবস্থা।—(১) ইমরাতের সকল শয়ন কক্ষে দরজা, জানালা, ফ্লাই, লাইট ইত্যাদির মাধ্যমে স্বাভাবিক আলো-বাতাস চলাচলের নিষ্ঠরতা থাকিতে হইবে।

(২) রামাঘরের অবস্থান ইমরাতের বহির্দেয়ালে হইতে হইবে।

১৬। ছাদ, কার্নিশ, ও সানসেড ইত্যাদি নির্মাণ।—(১) ইমরাতের ছাদ এমনভাবে নির্মাণ করিতে হইবে যেন উহা হইতে রাস্তা বা অন্যের জমিতে কিংবা কাঠমোতে পানি নিষ্কাশিত না হয়।

(২) ইমারতের ছাদ বা কানিশ আবশ্যিক উন্মুক্ত স্থানের উপর অনধিক ০.৫০ মিটার পর্যন্ত বর্ধিত করা যাইবে।

(৩) ইমারতের দরজা বা জানালার উপর অনধিক ০.৫০ মিটার প্রস্তর সানসেড আবশ্যিক উন্মুক্ত স্থানে নির্মাণ করা যাইবে।

১৭। জরুরী নির্গমন পথ ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থাসমূহ।—(১) ইমারতের মেঝের যে কোন অবস্থান হইতে অনধিক ২৫ মিটারের মধ্যে জরুরী নির্গমন পথ ধারিতে হইবে এবং উক্ত নির্গমন পথ সিঁড়ির লাবি ও লিফট-লাবি হইতে পৃথক ও নৌচ তলার সহিত সংযুক্ত হইতে হইবে।

বাখ্য।—এলিভেটর বা এসকেলেটর এই উপ-বিধিগ্র অধীন জরুরী নির্গমন পথ হিসাবে বিবোচিত হইবে না।

(২) ইমারতের যে কোন প্রকাশ্য স্থানে প্রয়োজনীয় সংখ্যক আইন নির্বাচক ষষ্ঠ বা অন্য কোন বিকল্প ব্যবস্থা, উহাদের লিখিত বাবহার বা প্রয়োগ বিধিসহ স্থাপন করিতে হইবে এবং ইমারতে অবস্থানকারীদের স্বারিত ইমারত ত্যাগের নিম্নেশ জ্ঞাপক “ফায়ার এলাম” প্রদানের ব্যবস্থা ধারিতে হইবে।

(৩) ইমারতে ব্রহ্মপাত নিরোধকের ঘথাঘথ ব্যবস্থা রাখিতে হইবে।

(৪) সাত বা ততোধিক তলাবিশিষ্ট আবাসিক ইমারতের ক্ষেত্রে গহস্থালী আবর্জনা অপসারনের ঘথাঘথ ব্যবস্থা ধারিতে হইবে এবং বিভিন্ন ধরণের আবর্জনার জন্য তিনি ব্যবস্থা রাখিতে হইবে।

(৫) তিন বা ততোধিক তলাবিশিষ্ট ইমারতের ক্ষেত্রে উহার নৌচ তলার সিঁড়ি বা প্রবেশ ফটকের কাছে চিঠির বাবে স্থাপনের ব্যবস্থা রাখিতে হইবে।

১৮। আবাসিক ইমারত নির্মাণের বিশেষ বিধানাবলী।—(১) ইমারতের মূল আচ্ছাদিত অংশ আবশ্যিক উন্মুক্ত স্থান ব্যতীত সাইটের অবাশিষ্টাংশে নির্মাণ করিতে হইবে; আচ্ছাদিত অংশের বাহিরে কেবল একটি গ্যারেজ এবং গেইট সংলগ্ন একটি দারোয়ান কক্ষ নির্মাণ করা যাইবে; গ্যারেজের উপর ভূত্য কক্ষ নির্মাণ করিতে হইলে উহা আবশ্যিক উন্মুক্ত স্থানের বাহিরে নির্মাণ করিতে হইবে এবং উহা ইমারতের আয়তনের অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত গ্যারেজ ও দারোয়ান কক্ষের সর্বোচ্চ উচ্চতা ক্রমেশন লেভেল হইতে ২.৭৫ মিটার এবং সর্বাধিক আয়তন, গ্যারেজের ক্ষেত্রে ২০.০০ বগাঁমিটার, এবং দারোয়ান কক্ষের ক্ষেত্রে ৩.০০ বগাঁমিটার হইবে।

(৩) একাধিক তলাবিশিষ্ট ইমারতের ক্ষেত্রে সিঁড়ি কক্ষ হইতে রাস্তা পর্যন্ত ন্যূনতম ১.৭৫ মিটার প্রশস্ত নির্গমন পথ ধারিতে হইবে।

(৪) এই বিধির অন্যান্য শর্তাবলী প্ররূপ সাপেক্ষে, ইমারতের পশ্চাতে ও পার্শ্বে নিম্নলিখিত হারে ন্যূনতম উন্মুক্ত স্থান রাখিতে হইবে, যথাঃ—

ন্যূনতম উন্মুক্ত স্থান

সাইটের আয়তন	ইমারতের পশ্চাতে		ইমারতের উভয় পার্শ্বে
(ক) ১৩৪ বগমিটার পর্যন্ত	১.০০	মিটার	০.৮০ মিটার
(খ) ১৩৪ বগমিটারের অধিক হইতে ২০০ বগমিটার পর্যন্ত	১.০০	মিটার	১.০০ মিটার
(গ) ২০০ বগমিটারের অধিক হইতে ২৬৮ বগমিটার পর্যন্ত	১.৫০	মিটার	১.০০ মিটার
(ঘ) ২৬৮ বগমিটারের অধিক	২.০০	মিটার	১.২৫ মিটার

তবে শর্ত থাকে যে—

(ক) সরকারী অথবা বেসরকারী উদ্যোগে মো-হাউজ নির্মাণের উদ্দেশ্যে পরিকল্পিত আবাসিক প্রকল্পের অন্যথিক ১৩৪ বগমিটার (২ কাঠা) পর্যন্ত সাইটের ক্ষেত্রে, ইমারতের পার্শ্বে উন্মুক্ত স্থান না রাখিলেও চালিবে; এবং

(খ) সরকারী অনুমোদনক্রমে, সরকারী অথবা বেসরকারী উদ্যোগে জাতীয় গৃহাধীন নৌতর আওতায়, দরিদ্র, নিঃস্বার্থ ও নিঃস্বাধীন জনগোষ্ঠীর জন্য পরিকল্পিত আবাসিক প্রকল্পে ২৫ বগমিটার হইতে ১০০ বগমিটার পর্যন্ত আয়তন বিশেষজ্ঞ সাইটের ক্ষেত্রে, ইমারতের পার্শ্বে উন্মুক্ত স্থান না রাখিলেও চালিবে; তবে ইমারতের পিছনে ও সামনে সাইটের সীমানা হইতে বথাক্রমে অন্তন ১.০০ মিটার ও ১.৩০ মিটার স্থান উন্মুক্ত রাখিতে হইবে।

(৫) একই সাইটে একাধিক ইমারত নির্মাণ করিতে হইলে দুই ইমারতের মধ্যে সামনাসামনৈ ৫.০০ মিটার এবং পাশাপাশি ২.৫০ মিটার স্থান উন্মুক্ত রাখিতে হইবে।

১৯। গ্যারেজ নির্মাণের বিধানাবলী।—(১) আবশ্যিক উন্মুক্ত স্থানে গ্যারেজ নির্মাণের ক্ষেত্রে বিধি ১৮ এর উপ-বিধি (১) ও (২) এর বিধানাবলী প্রয়োজ্য হইবে।

(২) সীমানা দেয়াল সংলগ্ন গ্যারেজ নির্মাণের ক্ষেত্রে পার্শ্ববর্তী জমির দিকে কোন জানালা রাখা যাইবে না।

(৩) রাস্তা হইতে সরাসরি গ্যারেজে প্রবেশের ব্যবস্থা অর্থাৎ সাইটের সম্মুখ সীমানা বরাবর গ্যারেজে কোন প্রবেশ পথ রাখা যাইবে না; যদি এইরূপ ব্যবস্থা রাখা হয় তবে গ্যারেজটি রাস্তার সীমানা হইতে ন্যূনতম ১.৫০ মিটার দূরে নির্মাণ করিতে হইবে।

(৪) গ্যারেজটি এমনভাবে নির্মিত হইবে যেন উহা হইতে রাস্তা বা অনোর জমিতে পানি নিষ্কাশিত না হয়; গ্যারেজের পার্শ্ববর্তী জমির ফরমেশন লেভেল হইতে গ্যারেজ বা তৎসংশ্লিষ্ট নির্মাণ কার্বের উচ্চতা ২.৭৫ মিটারের অধিক হইবে না।

(৫) গ্যারেজ আবশ্যিক উন্মুক্ত স্থানের মধ্যে অবস্থিত হইলে গ্যারেজের উপর কোন কক্ষ বা কাঠামো নির্মাণ করা যাইবে না।

(৬) গ্যারেজের উপরস্থ কোন স্থান ব্যালকনি হিসাবে এমনভাবে ব্যবহার করা যাইবে না যাহাতে পার্প'বতী বাড়ীর কাছাকাছি একান্ততায় ব্যবহার ঘটে।

২০। বাণিজ্যিক ইমারত ও গুদাম নির্মাণের বিশেষ বিধানাবলী।—(১) ইমারতের পশ্চাতে ও সম্মুখে নিম্নবর্ণিত ন্যূনতম উন্মুক্ত স্থান রাখিতে হইবে, যথা :—

পশ্চাত দিক	সম্মুখ দিক
সরকার, স্বায়ত্তশাসিত বা স্থানীয় সরকার সংস্থা কর্তৃক দিকে কোন রাস্তা না থাকে) উন্মুক্ত এলাকায় অবস্থিত সাইটের ক্ষেত্রে	১.৫০ মিটার (যদি পশ্চাত ১.৫০ মিটার (কেবল নীচ তলায়)
বাস্তু মালিকানাধীন বাণিজ্যিক সাইটের ক্ষেত্রে।	১.৫০ মিটার ৪.৫০ মিটার অথবা রাস্তা সংলগ্ন সাইটের সীমানা হইতে ১.৫০ মিটার, যাহা অধিকতর।

(২) বেসরকারী উদ্যোগে উন্মুক্ত ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বাণিজ্যিক এলাকার ক্ষেত্রে সরকার কর্তৃক উন্মুক্ত সাইটের বিধানসমূহ প্রযোজ্য হইবে।

২১। সমাবেশস্থল জাতীয় ইমারত নির্মাণের বিশেষ বিধানাবলী।—গ্রেফ.গ্ৰহ, শিলনায়তন চিক্কিবিনাদন কেন্দ্ৰ, ২০০ বগ'মিটারের অধিক অবস্থান বিশেষ বিপন্নী বিভান ও সমজাতীয় সমাবেশস্থল বিশেষ ইমারতের পশ্চাতে এবং দুই পাশে 'অন্তন ৩.০০ মিটার স্থান উন্মুক্ত রাখিতে হইবে এবং উহার মূল লাবির প্রবেশ ও প্রস্থান স্বার এবং প্রধান ফটক অন্তন ৩.০০ মিটার প্রশস্ত হইতে হইবে।

২২। শিল্প ইমারত নির্মাণের বিশেষ বিধানাবলী।—(১) কেবল শিল্প ইমারত স্বারা সাইটের সর্বাধিক দৃঃই-ত্তীয়াংশ স্থান আচ্ছাদিত করা যাইবে এবং উহার পশ্চাতে ও দুই পাশে 'ন্যূনতম ২.৫০ মিটার স্থান উন্মুক্ত রাখিতে হইবে।

(২) ইমারতে বর্জ্য পদার্থ নিষ্কাশন ও অপসারণের পর্যাপ্ত ব্যবস্থা ধার্যাকৃতে হইবে।

২৩। হোটেল নির্মাণের বিশেষ বিধানাবলী।—(১) কেবল বণিকাক অথবা আবাসিক-কাম-বাণিজ্যিক ব্যবহারের জন্য নির্মাণিত স্থানে হোটেল নির্মাণ করা যাইবে।

(২) সাইটের সর্বাধিক দৃঃই-ত্তীয়াংশ অন্তর্মুক্ত ইমারত স্বারা আচ্ছাদিত করা যাইবে এবং ইমারতের পশ্চাতে ও দুই পাশে 'যথাজমে ন্যূনতম ২.৫০ মিটার ও ১.২৫ মিটার স্থান উন্মুক্ত রাখিতে হইবে।

২৪। হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান ও সমজাতীয় ইমারত নির্মাণের বিশেষ বিধানাবলী।—সাইটের সর্বাধিক অর্ধাংশ অন্তর্মুক্ত ইমারত স্বারা আচ্ছাদিত করা যাইবে এবং ইমারতের দুই পাশে ' ও পশ্চাতে ন্যূনতম ৩.০০ মিটার কীরিয়া স্থান উন্মুক্ত রাখিতে হইবে।

২৫। সাত বা ততোধিক তলা বিশিষ্ট ইমারত নির্মাণের বিশেষ বিধানাবলী।—(১) সাত বা ততোধিক তলা বিশিষ্ট ইমারতে—

- (ক) আরোহন-অবরোহনের জন্য এলিভেটর এর ব্যবস্থা থাকিতে হইবে;
- (খ) স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ ব্যাহতকালীন সময়ে সিডিপথ, কারিভের, এলিভেটর, পানির পাম্প, রাশাঘর প্রভৃতি স্থানে অত্যাবশ্যকীয় বিদ্যুৎ সরবরাহ চালু রাখার স্বার্থে একটি সদা প্রস্তুত বিদ্যুৎ জেনারেটর স্থাপন করিতে হইবে; এবং
- (গ) জাতীয় ইমারত নির্মাণ কোড অথবা অণ্ডিন প্রতিরোধ দ্রুত অনুমোদিত অণ্ডিন প্রতিরোধ ও নির্বাপন পর্যাতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকিতে হইবে।

(২) ৪৫-৭০ মিটার ($150^{\prime\prime}-0''$) বা ততোধিক উচ্চতা বিশিষ্ট ইমারতের উপর বিমান চলাচলের নিরাপত্তা জাপক লাল বাতি জরুরী ব্যবস্থা রাখিতে হইবে।

(৩) দশ বা ততোধিক তলা বিশিষ্ট ইমারতের দুই পার্শ্বে অন্তর্মুন ২-৫০ মিটার এবং পশ্চাতে অন্তর্মুন ৩-০০ মিটার স্থান উন্মুক্ত রাখিতে হইবে।

(৪) দশ বা ততোধিক তলা বিশিষ্ট আবাসিক ইমারতের অভ্যন্তরে অথবা অংগনে মোট মেঝে এলাকার অন্তর্মুন ৫% স্থান কম্বুনিটি স্পেস হিসাবে রাখিতে হইবে; ইমারতের ছাদ কম্বুনিটি স্পেস হিসাবে গণ্য হইবে না।

২৬। বিশেষ নিয়ন্ত্রণ।—(১) কোন বিশেষ এলাকার জন্য সরকার কর্তৃক জারীকৃত প্রতিরক্ষা নিয়ন্ত্রণ, কৌ-পর্যন্ত ইনস্টলেশন, জাতীয় নিরাপত্তা, বিমান চলাচল ও টেলিযোগাযোগ বিষয়ক নিষেধাজ্ঞা এবং অন্যান্য নীতিমালা উক্ত এলাকার ইমারত নির্মাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, এবং সরকার কর্তৃক নির্ধারিত ভি, আই, পি, সড়কসংযোগের পার্শ্বে ইমারত নির্মাণের ক্ষেত্রে এতদ্দেশ্যে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হইবে।

(২) ইমারত নির্মাণ অনুমোদনদানকারী কর্তৃপক্ষ উপ-বিধি (১) এ বৰ্ণিত নীতিমালা অংশের ব্যবস্থা করিবে।

২৭। পাহাড় কর্তন বা ধৰ্মস সাধনের বিশেষ বিধানাবলী।—(১) কোন পাহাড় কর্তন বা ধৰ্মস সাধন অনুমোদনের জন্য আবেদনপত্রের সহিত বিধি ৪ ও ৫ এ বৰ্ণিত কাগজপত্র ছাড়াও নিম্নর্বাগ্রত কাগজপত্র জমা প্রদান করিতে হইবে, যথা:—

- (ক) পরিবেশ অধিদপ্তর হইতে উক্ত কর্তন বা ধৰ্মস সাধনের জন্য গৃহীত ছাড়পত্র;
- (খ) জায়গার অবস্থান, গার্ভবতী জায়গার পরিবেশগত অবস্থা, পাহাড়ি জমির উচ্চতা, ঢাল, অংশ, সমতল ভূমি বা নীচ, ভূমি, খাদ, গত' ইত্যাদি প্রকারের জমির টপোগ্রাফিক্যাল বা কনটোর ম্যাপ; এবং
- (গ) রাস্তার প্রোফাইলসহ প্রস্তাবিত জায়গার উন্নয়ন পর্যাকল্পনার বিস্তারিত নির্দেশিকা এবং এলাকার সহিত সংযোগকারী রাস্তা, নালা, বিদ্যুৎ, গ্যাস, পানি, পর্যান্তিকাশ লাইন ইত্যাদি এবং পরিবেশ সংরক্ষণকল্পে প্রয়োজনীয় বৃক্ষরোপণ, রিটেইনিং ওয়াল ও প্রতিরক্ষা দেয়াল, টেরাসিং প্যালাসাইডিং ইত্যাদি বিস্তারিতভাবে প্রদর্শিত নকশা।

(২) কর্তন বা ধর্মস সাধনের জন্য অনুমোদনপ্রাপ্ত পাহাড়ের পাদদেশে টি.ফির্ণ এবং স্নেপকে টেইবিলাইজ করিয়া ধর্মস নির্মাণ করার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে; এবং যে সমস্ত নালা বা খালের উৎস কর্তনের জন্য অনুমোদনপ্রাপ্ত পাহাড়ের সঁচাত সংবর্ষ সে সমস্ত নালা বা খালের উৎসস্থ স্পিলওয়ে, সিলট্রাপ ইত্যাদি নির্মাণ করিতে হইবে।

২৮। পুকুর খননের বিশেষ বিধানাবলী।—সাইটের সীমানা হইতে কমপক্ষে ৩০০০ মিটার অভ্যন্তরে পুকুর খনন করিতে হইবে এবং খননের গভীরতা পার্শ্ববর্তী সীমানা হইতে ৪৫ ডিগ্রী কোণের অধিক হইবে না।

২৯। নোটিশ জারীকরণ।—ধারা ৩১, ৩২, ৪, ৫, ৬ ও ১০ এর অধীন জারীযোগ্য সকল নোটিশ বা আদেশ Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর First Schedule এর Order V এ বর্ণিত পদ্ধতিতে জারী করা হইবে।

৩০। রাহিতকরণ।—১৯৮৪ সনের ইমারতের নির্মাণ বিধিমালা এতেবাব্বা রাহিত করা হইল।

তফসিল-১

(বিধি ২ এর দফা (চ) মুক্তব্য)

Building Construction Act, 1952 (E. B. Act II of 1953) এর section 3 এবং 3c এর অধীন ইমারত নির্মাণ/পুকুর খনন/পাহাড় কর্তন বা ধর্মস সাধন অনুমোদনের জন্য আবেদনপত্রের ফর্ম।

১। আবেদনকারী/আবেদনকারীগণের প্র্ণ নামঃ

২। আবেদনকারী/আবেদনকারীগণের প্র্ণ ঠিকানাঃ

(ক) বর্তমান/ডাকযোগাযোগের ঠিকানাঃ

(খ) স্থায়ী ঠিকানাঃ

৩। যে দাগের জমিতে ইমারত নির্মাণ/পুকুর খনন/পাহাড় কর্তন বা ধর্মস সাধন করা হইবে উহার বিবরণ—

(ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/গ্রাম/মহল্লা/উন্নয়নকূল এলাকার নামঃ

(খ) দাগ ও খীতিরান নং (জরিপ মোতাবেক)/গ্লট নংঃ

(গ) ঝোঁজার নাম/বুক নং/সেক্টর নংঃ

(ঘ) ওয়ার্ড নং (প্রযোজ্য ক্ষেত্রে) :

(ঙ) রাস্তার নামঃ

(চ) স্টি নং (প্রযোজ্য ক্ষেত্রে) :

(ছ) দাগে আবেদনকারী/আবেদনকারীগণের অংশের পরিমাণঃ

(জ) আবেদনকারী/আবেদনকারীগণ কি স্তো সাইটের জমি অর্জন করিয়াছেন (মালিকানার প্রমাণপত্র দাখিল করিতে হইবে) :

৪। সাইটের বিবরণ—

(ক) সাইটের আয়তন (ক্ষেত্রফল) :

(খ) সাইটের চৌহন্দী (বাহ্যিক পরিমাণ) :

উভয়ে :

দীর্ঘগে :

প্রবেশ :

পর্যায়মে :

(গ) ইমারত স্বারা সাইটের যে পরিমাণ স্থান আচছাদিত হইবে তাহার বিশদ বিবরণ—

১ম তলা :

অন্যান্য তলা :

(ঘ) সাইটের নিকটস্থ রাস্তার বিবরণ—

(১) নাম :

(২) অবস্থান (কোনদিকে) :

(৩) দূরত্ব :

(৪) বিস্তার :

(ঙ) নিকটস্থ রাস্তা হইতে সাইটে যাতায়াতের উপায় :

(চ) সাইটের বিভিন্ন দিকে যে পরিমাণ স্থান উল্লিখ্য রাখা হইবে—

উভয় সীমানা হইতে :

দীর্ঘগ সীমানা হইতে :

প্রবর্ত সীমানা হইতে :

পর্যায়ম সীমানা হইতে :

৫। সাইটে প্রবর্ত নির্মিত কাঁচা/পাকা ইমারতের (যদি থাকে) বিবরণ—

(ক) প্রবর্ত নির্মিত ইমারতের সংখ্যা ও তত্ত্বারা বেষ্টিত স্থানের পরিমাণ :

(খ) প্রস্তাবিত ইমারত নির্মাণ অনুমোদিত হইলে প্রবর্ত নির্মিত ইমারতের কোন অংশ ভাঁগিতে হইবে কিনা এবং হইলে তত্ত্বারা বেষ্টিত স্থানের পরিমাণ :

৬। এলাকার বিভিন্ন সেবা-সম্বোগের বিবরণ—

(ক) বিদ্যুৎ সরবরাহ লাইন আছে কিনা :

(খ) পানি সরবরাহ লাইন আছে কিনা :

(গ) গ্যাস সরবরাহ লাইন আছে কিনা :

(ঘ) পর্যাপ্ত নিস্কাশন লাইন আছে কিনা :

(ঙ) প্রস্তাবিত ইমারতের ক্ষেত্রে সেপ্টিক ট্যাংকের বাবস্থা আছে কিনা :

৭। প্রস্তাবিত ইমারত নির্মাণ/প্রকুর খনন/পাহাড় কর্তন বা ধ্বন্দ্ব সাধনের কাজ কখন শুরু হইবে :

৮। প্রস্তাবিত ইমারত নির্মাণ/পুরুর খনন/পাহাড় কর্তন বা ধৰণ সাধনের উদ্দেশ্যঃ

৯। অধৰাইজড অফিসারের অন্মোদন বাতীত আবেদনকারী প্ৰে' কোন ইমারত নির্মাণ/পুরুর খনন/পাহাড় কর্তন বা ধৰণ সাধন কৰিবো থাকিলে তজন্য তাহার বিৱৰণ Building Construction Act, 1952 (E.B. Act II of 1953) এৰ অধীন নোটিশ জারী হইয়াছে কিনা:

১০। প্রস্তাবিত ইমারত নির্মাণ/পুরুর খনন/পাহাড় কর্তন বা ধৰণ সাধন সংগৰে' আবেদন-কাৰীৰ বিৱৰণ Building Construction Act, 1952 (E.B. Act II 1953) এৰ section 12 এৰ অধীন কোন মামলা দায়েৱ কৰা হইয়াছে কিনা:

১১। প্রস্তাবিত পুরুর খনন/পাহাড় কর্তন বা ধৰণ সাধনেৱ জ্বান হইতে নিকটবৰ্তী—

- (ক) রাস্তাৰ দূৰত্বঃ
- (খ) ইমারতেৰ দূৰত্বঃ
- (গ) পৱঃ নালাৰ দূৰত্বঃ
- (ঘ) বিদ্যুৎ সৱবৰাহ লাইনেৰ দূৰত্বঃ
- (ঙ) গ্যাস সৱবৰাহ লাইনেৰ দূৰত্বঃ

আৰি ইমারত নির্মাণ/পুরুর খনন/পাহাড় কর্তন বা ধৰণ সাধন অন্মোদনেৱ জন্য প্ৰয়োজনীয় নকশাৰ ফৰ্ম এবং টাকা ফি ব্যাংক শাখাৰ বাংক ড্ৰাফট/পে অৰ্ডাৰ/ফ্রেজাৰী চালান নং তাৰিখ এৰ মাধ্যমে ব্যথাবথ কৰ্তৃপক্ষেৰ নিকট জমা দিয়া উক্ত ব্যাংক ড্ৰাফট/পে অৰ্ডাৰ/ফ্রেজাৰী চালান এৰ কপি এতদসংগে সংযুক্ত কৰতঃ ঘোষণা কৰিতেছি যে, সংযুক্ত নকশা ইমারত নির্মাণ বিধিমালা, ১১৯৬ মোতাবেক প্ৰণীত এবং এই আবেদনপত্ৰে বৰ্ণিত তথা ও সংযুক্ত নকশাৰ সমস্ত বিবৰণ সত্য।

তাৰিখঃ

আবেদনকাৰী/আবেদনকাৰীগণেৰ স্বাক্ষৰ

প্ৰ' নাম

ঠিকানা

ফোন নং (যদি থাকে)

তফসিল-২

(বিধি ৪ মুক্তব্য)

ইমারত নির্মাণ অনুমোদনের ফি

ইমারতের সর্বমোট বৈশিষ্ট্য এলাকার আয়তন	দেয়া ফি (টাকা)
৫০ বগৰ্মিটার পর্যন্ত	১০০
৫১ বগৰ্মিটার হইতে ১০০ বগৰ্মিটার পর্যন্ত	২০০
১০১ বগৰ্মিটার হইতে ২০০ বগৰ্মিটার পর্যন্ত	৩০০
২০১ বগৰ্মিটার হইতে ৩০০ বগৰ্মিটার পর্যন্ত	৪০০
৩০১ বগৰ্মিটার হইতে ৫০০ বগৰ্মিটার পর্যন্ত	৭৫০
৫০১ বগৰ্মিটার হইতে ১,০০০ বগৰ্মিটার পর্যন্ত	২,১০০
১,০০১ বগৰ্মিটার হইতে ১,৫০০ বগৰ্মিটার পর্যন্ত	৪,৫০০
১,৫০১ বগৰ্মিটার হইতে ২,০০০ বগৰ্মিটার পর্যন্ত	৬,০০০
২,০০১ বগৰ্মিটার হইতে ৩,০০০ বগৰ্মিটার পর্যন্ত	১৫,০০০
৩,০০১ বগৰ্মিটার হইতে ৪,০০০ বগৰ্মিটার পর্যন্ত	২৪,০০০
৪,০০১ বগৰ্মিটার হইতে ৫,০০০ বগৰ্মিটার পর্যন্ত	৩৬,০০০
৫,০০১ বগৰ্মিটার হইতে ১০,০০০ বগৰ্মিটার পর্যন্ত	৪৮,০০০
১০,০০১ বগৰ্মিটার হইতে ১৫,০০০ বগৰ্মিটার পর্যন্ত	৬০,০০০
১৫,০০১ বগৰ্মিটার হইতে ২০,০০০ বগৰ্মিটার পর্যন্ত	৭৫,০০০
২০,০০১ বগৰ্মিটার হইতে ৩০,০০০ বগৰ্মিটার পর্যন্ত	১,২০,০০০
৩০,০০০ বগৰ্মিটার এর অধিক	২,১০,০০০

বাঞ্ছপতির আদেশক্রমে

আঃ হাসিনুর রহমান

সচিব।

আঃ মিজনুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মন্ত্রিত
 আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস
 তফসিল ঢাকা কর্তৃক প্রকাশিত।